# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট
## শ্রেণি- তৃতীয়
## বিষয়- গণিত

একক- ২,৩,৫,১০দ্বারা বিভাজ্যতার নিয়ম

পরিভাষা–সংখ্যা, জোড়/ বিজোড় সংখ্যা, নামতা, বিভাজ্য, অবিভাজ্য, বিভাজ্যতার নিয়ম ।

১। ২৪২,২৪৫,১৬৭,১৫৬ --- এগুলির মধ্যে কোনগুলো জোড় সংখ্যা ও কোনগুলো বিজোড় সংখ্যা?কেন?

উ:২৪২,১৫ -- এইসব সংখ্যা গুলি জোড় সংখ্যা কারণ এগুলির এককের ঘরে ২,৬ আছে, যাহা ২ দ্বারা বিভাজ্য।
২৪৫,১৬৭ -- এই সংখ্যা গুলি বিজোড় সংখ্যা কারণ এগুলির এককের ঘরে ৫,৭ আছে ,যাহা ২ দ্বারা বিভাজ্য নয়।

২।বিভাজ্য বলতে কী বোঝায়?

উ: বিভাজ্য বলতে বুঝি কোন সংখ্যা কে অপর একটি সংখ্যা দিয়ে ভাগ করলে ভাগ মিলে যায়, অর্থাৎ ভাগফল পূর্ণ সংখ্যা হয় এবং ভাগশেষ ০ হয়।

৩। বিভাজ্যতার নিয়ম বলতে কী বোঝায়?

উ: বিভাজ্যতার নিয়ম বলতে বুঝি কোন সংখ্যা কে অপর একটি সংখ্যা দিয়ে ভাগ করলে ভাগ মিলে যায় অর্থাৎ ভাগফল পূর্ণ সংখ্যা হয় এবং ভাগশেষ ০ হয় তা ভাগ না করে যে পদ্ধতির সাহায্যে নির্ণয় করা হয় ।

৪। ২দ্বারা বিভাজ্যতার নিয়ম কী?

উ:যেসব সংখ্যার এককের ঘরে ০,২,৪,৬,৮ থাকে সেইসব সংখ্যা ২দ্বারা বিভাজ্য হবে । উদাহরণ :– ২৩৫৪, ৫৪৭০।

৫। ৫দ্বারা বিভাজ্যতার নিয়ম কী?

উ: যেসব সংখ্যার এককের ঘরে ০,৫ থাকে সেইসব সংখ্যা ৫ দ্বারা বিভাজ্য হবে । উদাহরণ :– ৩৪২৫, ৭৬৪০ ।

৬। ১০ দ্বারা বিভাজ্যতার নিয়ম কি **?**

উ:– যেসব সংখ্যার এককের ঘরে ০ থাকে সেইসব সংখ্যা ১০ দ্বারা বিভাজ্য হবে । উদাহরণ:– ৩২৭০, ৫৭৬০ ।

৭। ৩দ্বারা বিভাজ্যতার নিয়ম কী?

উ: ১৫=১+৫=৬। / ১৮=১+৮=৯
২১=২+১=৩ / ৩২৪=৩+২+৪=৯
যেসব সংখ্যার অঙ্ক সমষ্টি ৩ দ্বারা বিভাজ্য হবে, সেইসব সংখ্যা ৩দ্বারা বিভাজ্য হবে । উদাহরণ :– ৪৩২০, ২৬৬১ ।

৮। মন থেকে একটি তিন অঙ্কের সংখ্যা লেখ যাহা ২,৩,৫,১০ দ্বারা বিভাজ্য হবে?

উ: শ দ এ
৫ ৪ ০ ( ১০ দ্বারা বিভাজ্য হলে এককের ঘরে প্রথমে ০ বসাতে হবে, বাকি ঘরে ৩দ্বারা বিভাজ্য হবে এমন সংখ্যা বসাতে হবে ।)

৯। নিম্নলিখিত সংখ্যা গুলি নির্দিষ্ট সারিতে বাসও ( একই সংখ্যা একাধিক সারিতে বসতে পারে)
১৭৪০,৫২৬৮,৬২৮০,২৭৪৫,৪৬৩৫,
৩৭১৬
উ:

২দ্বারা বিভাজ্য ।১৭৪০।৫২৬৮।৬২৮০।৩৭১৬।

৩দ্বারা বিভাজ্য ।১৭৪০।৫২৬৮। ২৭৪৫।

৫দ্বারা বিভাজ্য ১৭৪০।৬২৮০। ২৭৪৫।৪৬৩৫।

১০দ্বারা বিভাজ্য ১৭৪০।৬২৮০।

।

১০। ৬৮*২ :- *স্হানে এমন একটি অঙ্ক বসাও যাহার ফলে সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য হবে?

উ: ৬৮২২

( ৬+৮+২=১৬+*=১৬+২=১৮; ১৮ সংখ্যাটি ৩দ্বারা বিভাজ্য )।

সুতরাং * স্থানে ২ বসাতে হবে ।

**বিঃদ্রঃ**

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**

SRAI